

শর্ত সাপেক্ষে ব্যবহারের অনুমতির (CUP) উদ্দেশ্য

শর্ত সাপেক্ষে ব্যবহার হচ্ছে সেসব উদ্দেশ্যে ব্যবহার করা যেগুলো কোনো একটি জোনিং ডিস্ট্রিক্টের অনুমোদিত ভূমি ব্যবহারের সাথে সাধারণভাবে সঙ্গতিপূর্ণ কিন্তু তাতে তাদের প্রস্তাবিত স্থান, নকশা ও রূপরেখা এবং কোনো জোনিং ডিস্ট্রিক্টের নির্দিষ্ট কোনো স্থানের ব্যবহারের যথার্থতা নিশ্চিত করার জন্য শর্তাবলী আরোপিত থাকতে হয়।

[অনুচ্ছেদ 23-1501](#) অনুযায়ী শর্ত সাপেক্ষে ব্যবহারের অনুমতি (CUP) হচ্ছে কোনো একটি জোনিং ডিস্ট্রিক্টের নির্দিষ্ট কিছু স্থানে অথবা শুধুমাত্র পারিপার্শ্বিক ব্যবহারের সাথে উপযুক্ততা নিশ্চিতকারী মানদণ্ড ও শর্তগুলোর জন্য ব্যবহার শুরু করার অনুমতি প্রদান।

শুধুমাত্র যেসব উদ্দেশ্যে ব্যবহার করলে তা কোনো নির্দিষ্ট জোনিং ডিস্ট্রিক্টে শর্তসাপেক্ষ হিসেবে পরিগণিত হবে, সেগুলোর জন্যই CUP গ্রহণের অনুমোদন দেয়া হবে। CUP আবেদনের সঙ্গে অবশ্যই প্রস্তাবিত শর্তাধীন ব্যবহারের ক্ষেত্রে কীভাবে স্থানের সকল সীমাবদ্ধতা, বাফার, পার্কিং ও লোডিং এবং অধ্যাদেশের কোড অনুসারে অন্যান্য বিধিগুলো মেনে চলা হবে তার রূপরেখা সম্বলিত একটি সাইট প্ল্যান সংযুক্ত করে দিতে হবে।

জমাদানের তারিখ

আবেদন # _____

আবেদনকারী

নাম: _____

চিঠি পাঠানোর ঠিকানা: _____ স্ট্রিট/ইউনিট # _____

ইমেইল ঠিকানা: _____ দিবাকালীন ফোন নম্বর: _____ ফ্যাক্স: _____

সম্পত্তির মালিক (যদি আবেদনকারী নিজে না হয়ে থাকেন)

নাম: _____

চিঠি পাঠানোর ঠিকানা: _____

ইমেইল ঠিকানা: _____ দিবাকালীন ফোন নম্বর: _____ ফ্যাক্স: _____

আলোচ্য সম্পত্তি

ঠিকানা: _____

ট্যাক্স আইডি পার্সেল নম্বর: _____ কাউন্সিল ডিস্ট্রিক্ট: _____

বর্তমান জোনিং শ্রেণী: _____ ভূমির ভবিষ্য ব্যবহারের ধরন অনুযায়ী ক্ষেত্র: _____

শর্তাধীন ব্যবহারের জন্য আবেদন

দয়া করে নিচের সকল উপকরণ ডিজিটাল পদ্ধতিতে জমা দিন:

- 1) আবেদনকৃত শর্তাধীন ব্যবহারের এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত বর্ণনা সম্বলিত কভার লেটার, যেখানে নিচের বিষয়গুলো থাকতে হবে:
 - a. প্রস্তাবিত ব্যবহার (ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ) এবং স্কয়ার ফুটের পরিমাণ
 - b. ব্যবসায় যেসব পরিষেবা প্রদান করা হবে।
 - c. কার্যক্রমের ধরণ (ব্যবসায়িক কর্মঘন্টা, কর্মী ও কর্মীদের শিফটের অনুমিত সংখ্যা এবং চাকরির সাধারণ বিবরণ)।
 - d. পারিপার্শ্বিক ব্যবহার/সংলগ্ন জমিতে থাকা ব্যবসা
- 2) ৪টি স্ট্যান্ডার্ড মানদণ্ডের বিপরীতে উত্তরসহ চিঠি।
- 3) বিগত 10 বছরের মধ্যে প্রস্তুতকৃত সম্পত্তির জরিপ।
- 4) সম্পূর্ণ সাইট প্ল্যান ([অনুচ্ছেদ 23-1602](#) থেকে সাইট প্ল্যান দেখে নিন)।
- 5) গৃহাভ্যন্তরের মানোন্নয়নের সাথে জড়িত থাকা প্রকল্পগুলোর জন্য প্রস্তাবিত ব্যবহার অনুসারে ফ্লোর প্ল্যান।
- 6) সংযুক্ত ফর্মগুলি ব্যবহার করে প্রদত্ত সম্পত্তির মালিকানার (বা মালিকের প্রতিনিধিত্বের) নোটারিকৃত অনুমোদন এবং আবেদনকারী কর্তৃক প্রচারণার কাজে অনুদানের ঘোষণা।
- 7) বর্তমান সাইটের কিছু আলোকচিত্র। নতুন নির্মাণকাজের রেন্ডারিং এবং/অথবা ভবনের উদ্ভিতি।
- 8) কর্মীদের সাথে প্রাথমিক আবেদন সংক্রান্ত মিটিংয়ের ভিত্তিতে সিটি কর্তৃক অতিরিক্ত তথ্য চাওয়া হতে পারে।
- 9) [অনুচ্ছেদ 2-260](#) অনুসারে বিধিবদ্ধ সকল ফি।

শর্তসাপেক্ষে ব্যবহারের অনুমতি (CUP)-এর জন্য স্ট্যান্ডার্ডসমূহ

কভার লেটার ছাড়াও আবেদনকারীকে প্রতিটি স্ট্যান্ডার্ডের বিপরীতে লিখিত উত্তরসহ একটি চিঠি জমা দিতে হবে।

অনুচ্ছেদ 23-1501 অনুসারে CUP-এর জন্য করা আবেদন বিবেচনা করার সময় প্ল্যানিং কর্মীগণ, প্ল্যানিং কমিশন, মেয়র এবং সিটি কাউন্সিল সেই নির্দিষ্ট স্থানের ব্যবহারের যথোপযুক্ততা নিশ্চিত করার জন্য প্রস্তাবিত শর্ত সাপেক্ষে ব্যবহারের প্রভাব এবং সংলগ্ন জমি ও আবাসিক অঞ্চলের সঙ্গে সেটির উপযুক্ততার মূল্যায়ন করবেন এবং নিচের বিষয়গুলো বিবেচনায় নিবেন:

- 1) উক্ত স্থানে প্রস্তাবিত ব্যবহার গৃহীত বিশদ পরিকল্পনার মধ্যে থাকা নীতিগুলোর সাথে কতটা সঙ্গতিপূর্ণ;
- 2) প্রস্তাবিত ব্যবহার জোনিং ডিস্ট্রিক্টের প্রযোজ্য নিয়মাবলীর সাধারণ উদ্দেশ্য ও অভিপ্রায়ের সাথে কতটা সঙ্গতিপূর্ণ;
- 3) প্রস্তাবিত ব্যবহার সংলগ্ন নির্মাণ কাজ ও অঞ্চলের ধরণ ও বিশুদ্ধতার সঙ্গে কতটা সঙ্গতিপূর্ণ এবং তা কতটুকু বজায় রাখবে এবং তাতে সংলগ্ন উন্নয়ন কাজ ও অঞ্চলের উপর উন্নয়ন কাজ সম্পর্কিত ট্রাফিক, হটগোল, গন্ধ, দর্শনযোগ্য উপদ্রব বা এই ধরণের প্রতিকূল প্রভাবগুলো প্রশমনে অন-সাইট অথবা জনগণের পথ চলার অধিকার নিশ্চিত করার মাধ্যমে লাঘবের সুবিধা রয়েছে কি না;
- 4) প্রস্তাবিত ব্যবহার সেই অঞ্চলের বর্তমান ও অনুমিত ট্রাফিকের জন্য ক্ষতিকর বা সাংঘর্ষিক পরিমাণে পথচারী আর গাড়ির ট্রাফিক সৃষ্টি করছে কি না;
- 5) প্রস্তাবিত ব্যবহারে রাস্তা মেরামত, ট্রাফিক নিয়ন্ত্রণ ডিভাইস বা ব্যবস্থা রাখা হয়েছে কি না এবং প্রয়োজনে ট্রাফিক নিয়ন্ত্রণ করা বা ট্রাফিক সরিয়ে নেওয়া বা সেই এলাকার পথে সৃষ্টি হওয়া ট্রাফিকের পরিমাণ বৃদ্ধি রোধে বিধিনিষেধগুলো মানা হচ্ছে কি না;
- 6) প্রস্তাবিত ব্যবহারে সংলগ্ন সম্পত্তিগুলোতে প্রস্তাবিত শর্ত সাপেক্ষে ব্যবহারের ফলে হওয়া দর্শনযোগ্য প্রভাবসহ বিরূপ প্রভাবগুলো হ্রাস করার ব্যবস্থা রয়েছে কি না এবং প্রস্তাবিত ব্যবহারটি জোনিং ডিস্ট্রিক্টের স্ট্যান্ডার্ডসমূহ পূরণ করে কি না অথবা সংলগ্ন নির্মাণ কাজ ও অঞ্চলের সাথে উক্ত ব্যবহারে সঙ্গতি আনার জন্য প্রয়োজন স্ট্যান্ডার্ডের এমন ধরণের অনুরোধকৃত ব্যতিক্রম অবধি তা পূরণ করে কি না;
- 7) প্রস্তাবিত ব্যবহার সাইট প্ল্যান অনুসারে স্থানের সকল সীমাবদ্ধতা, বাফার, পার্কিং আর লোডিং ব্যবস্থা এবং এই অনুচ্ছেদের অন্যান্য বিধির পরিপালন নিশ্চিত করে কি না।
- 8) প্রস্তাবিত ব্যবহারের জন্য আবেদনকারী জনস্বার্থ রক্ষা এবং সংলগ্ন সম্পত্তিগুলোর উপকারী ব্যবহার বজায় থাকা এবং উপযোগ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় এমন সুনির্দিষ্ট সীমাবদ্ধতা বা শর্তে সম্মত হয়েছেন কি না অথবা জনগণের সুরক্ষায় বিশেষ কোনো সীমাবদ্ধতার প্রয়োজনীয়তা নেই কি না।